**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 14-08-2025**
**Time: 08:20-08:35 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**<u>Headlines :</u>**

**(১) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু স্বাধীনতা দিবসের প্রাক সন্ধ্যায় আজ জাতির উদ্দেশ্যে ভাষণ দেন|**

**(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল ঐতিহাসিক লাল কেল্লার প্রাকারে জাতীয় পতাকা উত্তোলন করবেন এবং জাতির উদ্দেশ ভাষণ দেবেন।**

**(৩) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দিশায় রাজ্য সরকারও ২০৪৭ সালের মধ্যে বিকশিত ত্রিপুরা গড়ার লক্ষ্যে কাজ করছে |**

**(৪) আগামীকাল রাজ্যে স্বাধীনতা দিবসের মূল অনুষ্ঠানটি হবে আসাম রাইফেলস ময়দানে।**

**************************************************

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ৭৯তম স্বাধীনতা দিবসের প্রাক সন্ধ্যায় আজ জাতির উদ্দেশ্যে ভাষণ দেন। তিনি দেশবাসীকে শুভেচ্ছা জানান। তিনি বলেন, ১৫ই আগস্ট দিনটি আমাদের সম্মিলিত স্মৃতিতে গভীরভাবে আঁকা রয়েছে। তিনি বলেন, ভারতভূমি বিশ্বের প্রাচীনতম প্রজাতন্ত্রের দেশ ছিল। একে গণতন্ত্রের জননী বলাই উচিত। আমাদের জন্য, আমাদের সংবিধান এবং আমাদের গণতন্ত্র সর্বোপরি।

তিনি বলেন, আজ আমরা বিভাজনের বিভীষিকা স্মৃতি দিবস পালন করেছি। দেশভাগ ভয়াবহ হিংসার সাক্ষী ছিল এবং লক্ষ লক্ষ মানুষকে

বাস্তুচ্যুত হতে বাধ্য করেছিল। আজ আমরা ইতিহাসের ভুলগুলির শিকার হওয়া অসংখ্য মানুষের প্রতি শ্রদ্ধা জানাই।

######Byte–President#######

তিনি সংবিধানের চারটি মূল্যবোধ ন্যায়বিচার, স্বাধীনতা, সাম্য এবং ভ্রাতৃত্বের উল্লেখ করেন। তিনি বলেন, নীতিগুলিকে সর্বাগ্রে রেখে, আমরা ১৯৪৭ সালে একটি নতুন যাত্রা শুরু করি। বর্তমানে ভারত একটি স্বনির্ভর জাতি হওয়ার পথে যথেষ্ট পথ অতিক্রম করেছে এবং অত্যন্ত আত্মবিশ্বাসের সঙ্গে এগিয়ে চলেছে। তিনি বলেন, অর্থনৈতিক ক্ষেত্রে, আমাদের সাফল্যগুলি স্পষ্টভাবে দেখা যায়। গত অর্থবছরে ৬.৫ শতাংশ মোট দেশজ উৎপাদন বৃদ্ধির হারের সঙ্গে, ভারত বিশ্বের প্রধান অর্থনীতির দেশগুলির মধ্যে সবচাইতে দ্রুতগতিতে এগিয়ে চলেছে। বিশ্ব অর্থনীতিতে ব্যাপ্ত সমস্যাগুলি থাকা সত্ত্বেও, অভ্যন্তরীণ চাহিদা দ্রুত বৃদ্ধি পাচ্ছে। মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে রয়েছে।

সুশাসনের মাধ্যমে, বিপুল সংখ্যক মানুষ দারিদ্র্য থেকে মুক্তি পেয়েছে। সরকার দরিদ্রদের জন্য বেশ কিছু কল্যাণমূলক প্রকল্প পরিচালনা করছে। আয় বৈষম্য হ্রাস পাচ্ছে। আঞ্চলিক বৈষম্যও হ্রাস পাচ্ছে।

যেসব রাজ্য এবং অঞ্চল আগে দুর্বল অর্থনৈতিক কর্মক্ষমতার জন্য পরিচিত ছিল, তারা এখন নিজেদের প্রকৃত ক্ষমতা প্রদর্শন করছে এবং শীর্ষস্থানীয় রাজ্যগুলির সঙ্গে তাল মিলিয়ে এগিয়ে যাচ্ছে।

আমাদের শীর্ষস্থানীয় ব্যবসায়ীরা, ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগী এবং ব্যাপারীরা সর্বদাই নতুন কিছু করার মনোভাব দেখিয়েছেন। দেশে 'ভারতমালা পরিযোজনা'র অধীনে জাতীয় মহাসড়ক নেটওয়ার্ক সম্প্রসারণ এবং সুদৃঢ় হয়েছে।

তিনি বলেন, দেশে দ্রুতগতিতে নগরায়ন হচ্ছে। অটল মিশন ফর রিজুভিনেশন অ্যান্ড আরবান ট্রান্সফর্মেশন বা 'অমৃত' অভিযানের মাধ্যমে আরও বেশি সংখ্যক পরিবারে নলের মাধ্যমে নির্ভরযোগ্য পরিশ্রুত জল সরবরাহ এবং পয়ঃনিষ্কাশন সংযোগ পরিষেবা সুনিশ্চিত করা হয়েছে।

‘জল জীবন মিশন’-এর মাধ্যমে, গ্রামীণ পরিবারগুলিতে নলের মাধ্যমে পরিশ্রুত জল সরবরাহ ব্যবস্থার উন্নতি হচ্ছে।

রাষ্ট্রপতি বলেন, 'আয়ুষ্মান ভারত'-এর আওতায় এখন পর্যন্ত ৫৫ কোটিরও বেশি মানুষকে সুরক্ষা-কবচ প্রদান করা হয়েছে।

প্রায় সমস্ত গ্রামেই ৪জি মোবাইল সংযোগ পাওয়া যাচ্ছে। ডিজিটাল আর্থিক লেনদেন প্রযুক্তি বৃহৎ পরিসরে গ্রহণ করা সম্ভব হয়েছে। ভারত অল্প সময়ের মধ্যেই ডিজিটাল লেনদেনের ক্ষেত্রে বিশ্বের শীর্ষস্থানীয় হয়ে উঠেছে।

তিনি বলেন, কৃত্রিম বুদ্ধিমত্তা হলো প্রযুক্তিগত অগ্রগতির পরবর্তী ধাপ। সরকার দেশে কৃত্রিম বুদ্ধিমত্তা সক্ষমতা বৃদ্ধির জন্য ভারত-কৃত্রিম বুদ্ধিমত্তা মিশন চালু করেছে। তিনি বলেন, আমাদের আকাঙ্ক্ষা হল ২০৪৭ সালের মধ্যে ভারতকে একটি আন্তর্জাতিক কৃত্রিম বুদ্ধিমত্তা কেন্দ্রে পরিণত করা।

সাধারণ মানুষের জীবন উন্নত করার জন্য, ব্যবসা-বাণিজ্য সহজ করার পাশাপাশি, জীবন-যাপন সহজ করার উপর সমানভাবে জোর দেওয়া হচ্ছে। জাতীয় হস্তচাঁত দিবসের উল্লেখ করে আমাদের দেশে তৈরি পণ্য কেনা এবং ব্যবহারের উপর জোর দেন রাষ্ট্রপতি।

তিনি বলেন, সামাজিক ক্ষেত্রে বিভিন্ন প্রয়াসে বৃদ্ধি পাওয়া সার্বিক আর্থিক বিকাশের ভিত্তিতে ভারত ২০৪৭ নাগাদ এক উন্নত অর্থনীতির দেশে পরিণত হওয়ার পথে এগিয়ে চলেছে। তিনি আশা প্রকাশ করেন অমৃতকালের এই সময়ে, এগিয়ে যাওয়ার জাতীয় যাত্রাপথে, সমস্ত দেশবাসী তাঁদের যথাসাধ্য অবদান রাখবেন। তিনি বলেন, অসংখ্য তরুণ প্রতিভার শক্তিতে পরিচালিত, আমাদের মহাকাশ কর্মসূচি অভূতপূর্বভাবে সম্প্রসারিত হয়েছে। শুভাংশু শুক্লার আন্তর্জাতিক মহাকাশ কেন্দ্রে যাত্রা এক গোটা প্রজন্মকে বিরাট স্বপ্ন দেখতে অনুপ্রাণিত করেছে। তিনি বলেন, নতুন আত্মবিশ্বাসে ভরপুর আমাদের যুবসমাজ ক্রীড়া জগতে তাদের ছাপ ফেলছে। তিনি আশা প্রকাশ করেন, ভারত বিশ্ব ক্রীড়ার এক মহাশক্তি হিসেবে উঠে আসবে।

রাষ্ট্রপতি বলেন, আমাদের মেয়েরা আমাদের গর্ব। তারা প্রতিরক্ষা ও নিরাপত্তা সহ প্রতিটি ক্ষেত্রে বাধা ভেঙে এগিয়ে যাচ্ছেন। 'নারী শক্তি বন্দন

আইন'-এর মাধ্যমে, নারীর ক্ষমতায়ন এখন আর কেবল একটি স্লোগান নয় বরং বাস্তবায়িত বিষয় হয়ে উঠেছে।

তিনি বলেন, অপারেশন সিন্দুর, সন্ত্রাসবাদের বিরুদ্ধে মানবতার লড়াইয়ের ইতিহাসে দৃষ্টান্ত হিসেবে এর উল্লেখ থাকবে।

অপারেশন সিন্দুর প্রতিরক্ষা ক্ষেত্রে 'আত্মনির্ভর ভারত মিশন'-এর সরাসরি পরীক্ষার একটি সুযোগও এনে দিয়েছে।

তিনি পরিবেশ রক্ষার জন্য সবার প্রতি আহ্বান জানান। সবশেষে তিনি সীমান্ত রক্ষাকারী সেনা, পুলিশ এবং কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনী, বিচার বিভাগ এবং বিভিন্ন অসামরিক সেবা বিভাগের সদস্যদেরও শুভেচ্ছা জানান। তিনি বিভিন্ন দেশের ভারতীয় দূতাবাসে কর্মরত ভারতীয়দের এবং প্রবাসী ভারতীয়দেরও স্বাধীনতা দিবসে আমার আন্তরিক শুভেচ্ছা জানান।

******************************

**PM, Independence Day :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল ঐতিহাসিক লাল কেল্লার প্রাকারে জাতীয় পতাকা উত্তোলন করবেন এবং জাতির উদ্দেশ্য ভাষণ দেবেন।

২০৪৭ সালের মধ্যে সরকারের  বিকশিত ভারতের লক্ষ্য বাস্তবায়নের দিকে দেশ যখন বিশাল অগ্রগতি অর্জন করছে, তখন এই বছরের উদযাপনের মূল প্রতিপাদ্য হল নয়া ভারত।

এই বছর স্বাধীনতা দিবসের অনুষ্ঠানে অপারেশন সিঁদুরের সাফল্য উদযাপন করা হবে। এ বছর লাল কেল্লায় উদযাপন দেখার জন্য বিভিন্ন স্তরের প্রায় পাঁচ হাজার বিশেষ অতিথিকে আমন্ত্রণ জানানো হয়েছে। এর মধ্যে রয়েছে ২০২৫ সালের বিশেষ অলিম্পিকের ভারতীয় দল, আন্তর্জাতিক ক্রীড়া ইভেন্টের বিজয়ী এবং খেলো ইন্ডিয়া প্যারা গেমসের স্বর্ণপদক বিজয়ী।

****************************

**Partition Horror CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দিশায় রাজ্য সরকারও ২০৪৭ সালের মধ্যে বিকশিত ত্রিপুরা গড়ার লক্ষ্যে কাজ করছে। আজ আগরতলার এম.বি.বি কলেজের রবীন্দ্র হলে আয়োজিত বিভাজন বিভীষিকা স্মৃতি দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে তিনি একথা বলেন। দেশ বিভাজনের বিভীষিকার ইতিহাস স্মরণ রাখার উপর গুরুত্ব আরোপ করে মুখ্যমন্ত্রী বলেন, নতুন প্রজন্মের ছাত্র ছাত্রীদের মধ্যেও দেশ বিভাজনের দুঃখজনক ঘটনাগুলো অবহিত করতে হবে। দেশ বিভাজনের এই কলঙ্কময় ইতিহাস থেকে শিক্ষা নিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২০২১ সালে দেশ বিভাজন বিভীষিকা স্মৃতি দিবস পালনের আহ্বান জানান।

###### BYTE-CM #####

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন উচ্চ শিক্ষামন্ত্রী কিশোর বর্মন, এম বি বি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক বিভাস দেব। উপস্থিত ছিলেন খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী, শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার, এম বিবি মহাবিদ্যালয়ের অধ্যক্ষ ডঃ নির্মল ভদ্র। অনুষ্ঠানে হর ঘর তিরঙ্গা অভিযান উপলক্ষে কলেজ ছাত্র ছাত্রীদের মধ্যে আয়োজিত রঙ্গোলী অঙ্কন প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কৃত করা হয়।

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ–আই–আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**79th Independence Day :**

আগামীকাল ৭৯তম স্বাধীনতা দিবস। পশ্চিম ত্রিপুরা জেলা প্রশাসনের উদ্যোগে আগরতলায় বিভিন্ন কর্মসূচির মাধ্যমে স্বাধীনতা দিবস উদযাপন করা হবে। আগামীকাল স্বাধীনতা দিবসের মূল অনুষ্ঠানটি হবে আসাম রাইফেলস ময়দানে। সেখানে সকাল ৯টা ১০ মিনিটে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। জাতীয় পতাকা উত্তোলনের পর তিনি সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজ পরিদর্শন করবেন এবং প্যারেডের অভিবাদন গ্রহণ করবেন।

ভোর ৫টায় প্রভাতফেরীর মাধ্যমে দিনটির সূচনা হবে। সকাল ৭টায় সমস্ত সরকারি অফিস, বিদ্যালয়, মহাবিদ্যালয়, অঙ্গনওয়াড়ি কেন্দ্র, পুরনিগম কার্যালয়, গ্রাম পঞ্চায়েত ও ভিলেজ কাউন্সিল কার্যালয়ে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। সকাল ৭টায় সচিবালয় প্রাঙ্গণে জাতীয় পতাকা উত্তোলন করবেন কৃষিমন্ত্রী রতনলাল নাথ।

সকাল ৮টায় সার্কিটহাউস সংলগ্ন মূর্তি প্রাঙ্গণে মহাত্মা গান্ধীর মর্মর মূর্তিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জানাবেন রাজ্যপাল ইন্দ্রেসেনা রেড্ডি নাল্লু। সকাল ৮টা ১৫ মিনিটে গান্ধীঘাটস্থিত গান্ধী বেদিতে রাজ্যপাল পুস্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জানাবেন। সকাল ৮টা ৩৫ মিনিটে লিচুবাগানস্থিত এলবার্ট এক্কা পার্কে শহীদ স্মৃতি সৌধে রাজ্যপাল শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করবেন। আগামীকাল সন্ধ্যা ৫টায় আগরতলা টাউনহলে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। সন্ধ্যা ৬টায় রাজভবনে অনুষ্ঠিত হবে অ্যাট হোম অনুষ্ঠান।

*************************

**Partition Day :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ দেশ বিভাজনের ভয়াবহতায় প্রাণ হারানো ব্যক্তিদের প্রতি শ্রদ্ধা জানিয়েছেন। তিনি বলেন বিভাজন বিভীষিকা স্মৃতি দিবস হল দেশভাগের ফলে যারা ক্ষতিগ্রস্ত হয়েছেন তাদের স্মরণ করে সমবেদনা প্রকাশ করার একটি দিন। তিনি আরও বলেন, দেশভাগের ফলে ঐ সময়ে সহিংসতা, শোষণ ও নৃশংসতার ফলে লক্ষ লক্ষ মানুষ বাস্তুচ্যুত হয়।

***************************

**Partiton Horrors Remembrance Day-South :**

বিভাজন বিভীষিকা স্মৃতি দিবস উপলক্ষ্যে আজ বিলোনিয়ার ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কলেজে এক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। পৌরহিত্য করেন অধ্যক্ষ ড. মনোরঞ্জন দাস। বক্তাগণ দেশভাগের ভয়াবহতার কথা উল্লেখ করে দেশমাতৃকার অখন্ডতা রক্ষায় যুবসমাজের প্রতি আহ্বান জানান।

*************************

**Voice Over- Independence Day :**

সারাদেশে প্রতিঘরে ত্রিবর্ণ পতাকার উজ্জ্বল তরঙ্গে দেশ প্রেমের আবেগ রীতিমতো তুঙ্গে। কারণ রাত পোহালেই ৭৯তম স্বাধীনতা দিবস। ছোট থেকে বড়ো সবার প্রাণেই এক সুরে ভারত মায়ের জয়গান। আর যাঁদের বলিদানে আমরা স্বাধীন ভারতের নাগরিক, সেই অমর শহীদদের প্রতি আমাদের অফুরান কৃতজ্ঞতা। একটি প্রতিবেদন।

##########VC##########

*******************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১-শে আগস্ট, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১২৫তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং

আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে। নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

**************************

**Kanchanjungha New Stoppage :**

কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস ট্রেন আজ থেকে জোলাইবাড়ি ও বিলোনীয়া রেলস্টেশনে যাত্রা বিরতি শুরু করেছে। আজ ভোর সাড়ে ৫টায় জোলাইবাড়ি রেল স্টেশনে সমবায় মন্ত্রী সূচনা করেন সাংসদ রাজীব ভট্টাচার্য এই যাত্রা বিরতির অনুষ্ঠানে যোগ দেন। এই এক্সপ্রেস ট্রেনের বিলোনীয়াতে থামায় শ্রী ভট্টাচার্য বলেন, হওয়ায় বিলোনীয়ায় সহ রাজনগর, ঋষ্যমুখ এবং শান্তিরবাজার এলাকার এক বিশাল অংশের মানুষ উপকৃত হবেন। এই উদ্যোগের জন্য মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে ধন্যবাদ জানিয়েছেন।

****************************

**Minister Tinku Roy :**

সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায় বলেছেন, ঊনকোটি জেলাতে একটি ট্রমা সেন্টার চালু করার জন্য রাজ্য সরকার উদ্যোগ নিয়েছে। আজ কৈলাশহরের RGM মহকুমা হাসপাতালে "আলট্রা সাউন্ড ক্লিনিকের উদ্বোধন করে তিনি একথা বলেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়, মহকুমা চিকিৎসা আধিকারিক ডাঃ পাপিয়া রুদ্রপাল প্রমুখ।

মৎস্যমন্ত্রী সুধাংশু দাস ঊনকোটি জেলার ফটিকরায় আম্বেদকর কলেজে আজ এক রক্তদান শিবিরের উদ্বোধন করেন। শিবিরে ৪০ জন রক্তদান করেন।

****************************

**Tiranga Bike Rally-West PS :**

স্বাধীনতা উপলক্ষে পশ্চিম থানা থেকে আজ একটি বাইক র‍্যালির আয়োজন করা হয়েছে। উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জেলার পুলিশ সুপার নমিত পাঠক, পুলিশের পদস্থ আধিকারিকগণ এবং অন্যান্য পুলিশ কর্মীরা। বাইক রেলিটি আগরতলা শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে।

****************************

**District level quize competition-Gomati :**

স্বাধীনতা দিবস উদযাপনের অঙ্গ হিসেবে আজ উদয়পুর হরিয়ানান্দ স্কুলে জেলাভিত্তিক ক্যুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। জেলার ১০টি স্কুল থেকে দুই জন করে মোট ২০ জন ছাত্র ছাত্রী অংশ নিয়েছে।

হরিয়ানান্দ ইংলিশ মিডিয়াম এইচ.এস স্কুল আয়োজিত জেলা-স্তরের কুইজ প্রতিযোগিতায় ভগিনী নিবেদিতা ইংলিশ মিডিয়াম এইচএস স্কুল জয়লাভ করেছে। দ্বিতীয় স্থানে চন্দ্রপুর স্কুল।

******************************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলাতে বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.২ ডিগ্রি সেলসিয়াস। আজ বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়েছে ১০.৫ মিলিমিটার।

***************************